দৈনিক খবর 47

তারিখ 28 JUL 1992

পৃষ্ঠা ২ কলাম

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস

# সশস্ত্র বহিরাগতদের আনাগোনা বৃদ্ধিঃ কর্তৃপক্ষ নীরব

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উত্তর ও দক্ষিণ পাড়ায় পৃথক দু'টি ছাত্র সংগঠনের আভ্যন্তরীণ কোন্দলের কারণে চাপা উত্তেজনা বিরাজ করছে। হলে হলে বহিরাগতের সংখ্যাও বাড়ছে। এদিকে এ ব্যাপারে কর্তৃপক্ষ কোন ব্যবস্থা গ্রহণ করতে পারছে না। পুলিশ প্রশাসনও নীরব ভূমিকা পালন করছে।

প্রায় দু'মাস যাবৎ বিশ্ববিদ্যালয়ের দক্ষিণপাড়া অর্থাৎ জহুরুল হক হল, এস এম হল ও জগন্নাথ হলে অচলাবস্থা সৃষ্টি হয়েছে। সম্প্রতি উত্তর পাড়ার মহসীন হল, সূর্যসেন হল ও জসীমউদ্দীন হলেও অস্ত্রধারীদের আনাগোনা বৃদ্ধি পাচ্ছে বলে পুলিশ সূত্র জানিয়েছে। বিশ্ববিদ্যালয় এলাকায় স্বাভাবিক শিক্ষার পরিবেশ ফিরে আসছে না। সারাক্ষণ আতংকের মধ্যে তাদের সময় কাটে।

ক্যাম্পাসের স্বাভাবিক অবস্থা নিশ্চিত করার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষও

২ এর পাতায় দেখুন

# শিবিরের শোকরানা মিছিল হলো না

।। স্টাফ রিপোর্টার ।।

শিবিরের শোকরানা মিছিল করা হলো া। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের াত্রনেতৃবৃন্দের নামে দায়েরকৃত মামলার ায় ঘোষণার পর গতকাল সোমবার াদের শোকরানা মিছিল করার কথা ইল। এজন্য শিবিরের কেন্দ্রীয় কার্যালয়ে বভিন্ন ধরনের ব্যানার তৈরী করা হয়েছিল ার মধ্যে একটিতে লেখা ছিল শোকরানা মিছিল'।

মামলার রায় ঘোষণার পর ছাত্র শিবিরের পুরানা পল্টনস্থ অফিসে াদেরকে ক্ষুব্ধ মনে হচ্ছিল। তারা ভেবেছিল এ মামলার রায় হয়তো তাদের ক্ষে যাবে। কিন্তু আবারো আদালতে ামলাটি মিথ্যা প্রমাণিত হলো।